

মহাপরিচালক এর কার্যালয়
কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর
ঢাকা ইন্স্যুরেন্স ভবন (২য়-৫ম তলা)
৭১, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।

২২/০৮/২০২১
২২/০৮/২০২১



স্মারকঃ ৮২.১৮.০০০০.০০১.৪৩.৩০৫.২১-২৩১

তারিখ ১৩/০৬/২০২১ খ্রিঃ

মহাপরিচালক
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর।

বিষয়ঃ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ২০১৯-২০২০ আর্থিক সালের নিরীক্ষার অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ২০১৯-২০২০ আর্থিক সালের নিরীক্ষা স্থানীয়ভাবে ১৪/০৩/২০২১ খ্রি. হতে ১২/০৪/২০২১ খ্রি. পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়েছে। নিরীক্ষা দল কর্তৃক দাখিলকৃত খসড়া অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ ১৮ টি অডিট আপত্তি সন্নিবেশিত ছিল। পরবর্তীতে আপত্তিসমূহ যাচাই কমিটি (Quality Assurance Committee-1) কর্তৃক পর্যালোচনা করে অনুচ্ছেদ ১৬ কে বাতিলপূর্বক একীভূত করে ০৮ টি SFI এবং ০৭টি Non SFI সহ মোট ১৫(পনের) টি আপত্তি অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ অন্তর্ভুক্ত করতঃ এতদসঙ্গে প্রেরণ করা হলো। এমতাবস্থায়, অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) এ বর্ণিত আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাব SFI অনুচ্ছেদের ক্ষেত্রে মন্ত্রণালয়ের মাধ্যমে এবং Non-SFI অনুচ্ছেদের ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ ধান কৃষি গবেষণা ইনস্টিটিউটের মাধ্যমে পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কর্ম দিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

অনু: নং	আপত্তির শিরোনাম	জড়িত টাকা	QAC-1 সভার সুপারিশ
১	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন ২০১৭ লঙ্ঘন পূর্বক সিএ ফার্ম দ্বারা নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়নি।	--	SFI হিসাবে গণ্য করা হলো।
২	বিধি বহির্ভূতভাবে বরাদ্দকৃত অর্থের বিপরীতে বিল-ভাউচারবিহীন টাকা ব্যয় দেখানো হয়েছে।	১০৪২৯০৬১	SFI হিসাবে গণ্য করা হলো।
৩	টেন্ডার ইভ্যালুয়েশন কমিটিতে বহিঃসদস্য ছাড়াই টাকার ক্রয় কার্য সম্পাদন করা হয়েছে।	২৩৬৬০৭২৩৪	Non -SFI হিসাবে গণ্য করা হলো।
৪	বরাদ্দের অতিরিক্ত ব্যয় বাবদ অনিয়মিতভাবে পরিশোধ।	৬৬০২৩৮৯	SFI হিসাবে গণ্য করা হলো।
৫	আর্থিক ক্ষমতা অর্পণ ২০১৫ লঙ্ঘন পূর্বক ক্লাবকে চাঁদা বাবদ প্রদান করা হয়।	১৬৯২০০	Non -SFI হিসাবে গণ্য করা হলো।
৬	আর্থিক ক্ষমতা-২০১৫ লঙ্ঘন পূর্বক যানবাহন মেরামত খাতে অনিয়মিত ভাবে পরিশোধ।	২০৩৯৯৯৯	SFI হিসাবে গণ্য করা হলো।
৭	শ্রমিকদের অধিকাল ভাতা (Overtime) দেখিয়ে অতিরিক্ত টাকা পরিশোধ।	১৬৭০৮৩০০	SFI হিসাবে গণ্য করা হলো।
৮	চলমান উন্নয়ন প্রকল্পের গাড়ীতে পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট বাবদ রাজস্ব খাত হতে টাকা অনিয়মিতভাবে পরিশোধ।	২৯৬২২১৩	Non- SFI হিসাবে গণ্য করা হলো।
৯	পিপিআর-২০০৮ লঙ্ঘন পূর্বক নগদ ক্রয় বাবদ অনিয়মিতভাবে পরিশোধ।	৪৩৫৯৭২৪	SFI হিসাবে গণ্য করা হলো।

১০	জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র অনুযায়ী নির্ধারিত হার অপেক্ষা উৎসে কর কর্তন না করায় রাজস্ব ক্ষতি।	১১৪৭০৬	Non- SFI হিসাবে গণ্য করা হলো।
১১	Technical Specification Committee কর্তৃক ০৩ টি আইটেমের ল্যাবরেটরি ইকুপমেন্টের জন্য নির্ধারণ করা Specification এর শর্ত ভঙ্গ করে অনিয়মিতভাবে পরিশোধ।	৩২১২০০০	SFI হিসাবে গণ্য করা হলো।
১২	পিপিএনবি (Project Proposal for Non Development Budget)তে উল্লেখ না থাকা সত্ত্বেও রেইন আউট শেল্টার নির্মাণ বাবদ অনিয়মিতভাবে পরিশোধ।	৩৯৯১৯৯৮	SFI হিসাবে গণ্য করা হলো।
১৩	সবনিম্ন দরদাতাকে উপেক্ষা করে বেশী মূল্যে কেমিক্যাল ক্রয় করায় সরকারের আর্থিক ক্ষতি।	১৯৬৯১৫	Non- SFI হিসাবে গণ্য করা হলো।
১৪	কর্মসূচীতে সংস্থান না থাকা সত্ত্বেও শ্রমিক মজুরী ও ভ্রমণ ভাতা খাতে ব্যয় দেখিয়ে অনিয়মিতভাবে পরিশোধ।	২৬১০৯৭	Non- SFI হিসাবে গণ্য করা হলো।
১৫	আবাসিক বাসায় বসবাসকারীগণের নিকট হতে পানির বিল ও পৌরকর আদায় না করায় প্রতি বৎসর রাজস্ব ক্ষতি।	১১৫২০০	Non- SFI হিসাবে গণ্য করা হলো।
	মোট	২৮৭৭৭০০৩৬	

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

(মোঃ নূরুল ইসলাম)
উপপরিচালক

ফোন : ০২-৪৮৩১৬৮৫৬

ই-মেইল: nurulfima@gmail.com

তারিখ ১৩/০৬/২০২১ খ্রিঃ

স্মারকঃ ৮২.১৮.০০০০.০০১.৪৩.৩০৫.২১-২১১

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পিএ টু মহাপরিচালক, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর।
- ৩। অফিস কপি/গার্ড ফাইল।

(নাজিম সাদেক)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
সেপ্টেম্বর-২১